



## জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র ([www.padakhep.org](http://www.padakhep.org)) ১৯৮৬ সালে প্রতিষ্ঠিত জাতীয় পর্যায়ে একটি বেসরকারী সংস্থা (NGO) যা মাইক্রোক্রেডিট রেলগেটরি অথরিটি (MRA) কর্তৃক লাইসেন্স প্রাপ্ত এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (PKSF) এর শ্রেষ্ঠ সহযোগী সংস্থা হিসেবে পুরস্কারপ্রাপ্ত এবং বিভিন্ন জাতীয় ও আর্ন্তজাতিক সংস্থা কর্তৃক স্বীকৃতপ্রাপ্ত। 'পদক্ষেপ' তার অভীষ্ট জনগোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবনযাত্রার গুণগত মান উন্নয়নে অবদান রাখার লক্ষ্যে সমগ্র দেশব্যাপী 'সমন্বিত উন্নয়ন কৌশল (HDA)' অবলম্বন করে ক্ষুদ্রঅর্থায়ন, শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, মৎস্য, পশুসম্পদ ও বিভিন্ন সামাজিক উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করছে। সংস্থার ক্ষুদ্রঅর্থায়ন কর্মসূচীর আওতায় ব্রাহ্মণ পর্যায়ে নিম্নোক্ত নিয়মিত পদে নিয়োগের লক্ষ্যে স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে "নির্বাহী পরিচালক, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, প্রধান কার্যালয়, ঢাকা-১২০৭" এর বরাবর দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

পদের বিবরণ	প্রার্থীর বয়স ও যোগ্যতা	কমঞ্জল ভেদে সর্বসাকুল্যে মাসিক বেতন (শহর, লঞ্চ ও মোবাইল ভাতাসহ)	দায়িত্বের সংক্ষিপ্ত বিবরণ
পদের নামঃ কমিউনিটি ম্যানেজার পদ সংখ্যাঃ ৫২০টি প্রোগ্রামঃ ক্ষুদ্রঅর্থায়ন কর্মসূচী কর্মস্থলঃ বিভাগ/জেলা/ উপজেলা/থানা পর্যায়	২৪ থেকে ৩২ বছর। এইচএসসি বা সমমান পাশ। তবে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় তৃতীয় বিভাগ কিংবা জিপিএ ২.০০ এর কম ফলাফল গ্রহণযোগ্য নয়। এইচএসসি পাশের অধিক শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন এবং ক্ষুদ্রঅর্থায়ন কার্যক্রমে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। নিজস্ব বাইসাইকেল থাকা ও কম্পিউটারের কাজ জানা আবশ্যিক। বৈধ ড্রাইভিং লাইসেন্স ও কাগজসহ নিজস্ব মোটরসাইকেল থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।	ক) ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় শিক্ষানবীশকালীন ১৯,১৮৮/- টাকা, শিক্ষানবীশ কাল শেষে ২০,৫৬৩/- টাকা। খ) অন্যান্য সিটি কর্পোরেশন/হাওড়া/উপকূলীয় এলাকায় শিক্ষানবীশকালীন ১৮,৩৮৮/- টাকা, শিক্ষানবীশ কাল শেষে ১৯,৭৬৩/- টাকা। গ) উপজেলা/ পল্লী এলাকায় শিক্ষানবীশকালীন ১৭,৬৮৮/- টাকা, শিক্ষানবীশকাল শেষে ১৯,০৬৩/- টাকা।	এলাকা জরিপ, সমিতি গঠন ও পরিচালনা, সমিতির সদস্যদের মাঝে ঋণ বিতরণ, ঋণ আদায়, সঞ্চয় সংগ্রহ, রেমিটেন্স কার্যক্রম পরিচালনা করা। এছাড়া সমিতি/কর্ম এলাকায় কমিউনিটি পর্যায়ে কৃষি, স্বাস্থ্য, শিক্ষাসহ বিভিন্ন সামাজিক উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করা।

অন্যান্য সুযোগ সুবিধাঃ চাকুরীতে যোগদানের সময় থেকে নিজস্ব মোটরসাইকেল ব্যবহারের ক্ষেত্রে শর্তসাপেক্ষে মাসে ১,৫০০/- টাকা ফুয়েল ভাতা ও স্নাতকোত্তর বা স্নাতক পাশের ক্ষেত্রে (সর্বশেষ পাশ বিবেচনায়) যথাক্রমে ৬০০/- ও ৮০০/- টাকা শিক্ষা ভাতা প্রাপ্য হবে। সফলভাবে শিক্ষানবীশকাল (৬ মাস) সমাপ্তি শেষে বর্ধিত বেতনে চাকুরী নিয়মিত করা সহ প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুয়টি, কর্মী কল্যান সুবিধা, বছরে ২টি বোনাস, বাংলা নববর্ষ/বৈশাখী ভাতা ও বার্ষিক ইনক্রিমেন্ট প্রভৃতি নিয়মানুযায়ী প্রাপ্য হবেন। পাশাপাশি, স্টাফ লোন, লজিস্টিক্স লোন, বদলী ও ভ্রমণ ভাতা, ইস্যুরেন্স সুবিধা, কমঞ্জলে একক আবাসন সুবিধা ও পর্যায়ক্রমে পদোন্নতির ব্যবস্থা রয়েছে। এছাড়া কার্যক্রম পরিচালনার দক্ষতা অনুসারে ইনসেন্টিভপ্রাপ্য হবেন।

শর্তাবলীঃ ক) অগ্রহী প্রার্থীদের A-4 সাইজের সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদনপত্র ও জীবনবৃত্তান্ত (আপনাকে চিনবেন এমন দুইজন বিশিষ্ট ব্যক্তির নাম, ঠিকানা ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখ পূর্বক), কালার ল্যাব বা স্টুডিও থেকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি স্পষ্ট রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার মার্কশীট, প্রশংসাপত্র ও সনদপত্র, প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদ/ছাড়পত্র, স্থায়ী ঠিকানার স্বপক্ষে নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্তসহ আগামী ২৯/০২/২০২০ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে নির্বাহী পরিচালক, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, প্রধান কার্যালয়, বাড়ী নং ৫৪৮, রোড নং ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় সরাসরি বা ডাকযোগের মাধ্যমে পৌছাতে হবে। খ) খামের উপর পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে। গ) শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদেরকে নিয়োগ পরীক্ষার সময়সূচী দরখাস্তে প্রদত্ত মোবাইল নম্বরে অবহিত করা হবে। ঘ) লিখিত পরীক্ষায় অংশগ্রহণের দিন পরীক্ষার ফি বাবদ নগদ ২০০/- টাকা (অফেরতযোগ্য) জমা দিতে হবে। ঙ) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় সংস্থার অনুকূলে 'কর্মী সঞ্চয় আমানত' খাতে ৮,০০০/- টাকা নগদে জমা দিতে হবে যা চাকুরী শেষে (নিয়মিত/স্থায়ীকরণ হবার শর্তে) লভ্যাংশসহ ফেরতযোগ্য। চ) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীর প্রধান অভিভাবক কর্তৃক ৩০০/- টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্পে লিখিত অঙ্গীকারনামা প্রদান করতে হবে। এছাড়া প্রার্থীর আপনজন/আত্মীয়দের মধ্য থেকে আরো দুইজন ব্যক্তিকে (সরকারী/আধা সরকারী/বেসরকারী চাকুরীজীবী) সংস্থার নির্ধারিত ফরমে গ্যারান্টার হতে হবে। ছ) নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না। জ) যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিল এবং নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী সংযোজন/শিথিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। ঝ) কোন প্রার্থী কোন ক্ষেত্রে ভুল তথ্য প্রদান অথবা সত্য গোপন করলে নিয়োগ পাবার পরও যে কোন সময় তার নিয়োগ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন। ঞ) মহিলা প্রার্থীদের আবেদন করার ব্যাপারে বিশেষভাবে উৎসাহিত করা যাচ্ছে। ট) নিয়মিতভাবে অধ্যয়নরতদের আবেদন করার প্রয়োজন নেই।

লক্ষণীয়, পদক্ষেপ এর চাকুরীতে নিয়োগের জন্য উল্লেখিত নিয়োগ পরীক্ষার ফি ও কর্মী সঞ্চয় আমানত ব্যতীত আর কোন ধরনের অর্থ নেয়া হয় না। তাই কোথাও অন্য কোন ধরনের আর্থিক লেনদেন না করার জন্য সবাইকে সতর্ক করা হলো।